

নোবিপ্রবি/আইআইএস/ভর্তি বিজ্ঞপ্তি/২০২৬/১৬৮৬

০১ ফেব্রুয়ারি ২০২৬

এম.এস.এস ভর্তি বিজ্ঞপ্তি


২০২৪-২৫ শিক্ষাবর্ষে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ইনফরমেশন সায়েন্সেস (আইআইএস) অধীনে পরিচালিত এম.এস.এস ইন ইনফরমেশন সায়েন্সেস এন্ড লাইব্রেরি ম্যানেজমেন্ট প্রোগ্রামে এম.এস.এস কোর্সে ভর্তির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে।

প্রার্থীর যোগ্যতাঃ

১. প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে অথবা অন্য যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট বিষয়ে বিএ/বিএসএস/বি.এস.সি.(সম্মান)/ সমমানের ডিগ্রীধারী হতে হবে।
২. প্রার্থীর সম্মান/ সমমান পর্যায়ের কমপক্ষে সিজিপিএ ২.৭৫ থাকতে হবে।
৩. যারা ১৬শু ক্রেডিট সম্পন্ন করেছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে। স্পেশাল টার্মের শিক্ষার্থীরা আবেদন করতে পারবে; তবে শর্ত থাকে যে, স্পেশাল টার্মের ফলাফলের পর তাদের ১৬শু ক্রেডিট সম্পন্ন না হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে (শুধুমাত্র নোবিপ্রবির শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)।

ভর্তির নিয়মাবলীঃ

১. ভর্তিচ্ছু শিক্ষার্থীরা বিভাগীয় অফিস থেকে ০৩.০২.২০২৬ হতে ১৯.০২.২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিতে পারবে এবং সাক্ষাৎকারের তারিখ পরবর্তীতে জানানো হবে।
২. শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার শ্রেণীশীট/মার্কশীট এবং সার্টিফিকেট এর সত্যায়িত কপি।
৩. সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র।
৪. ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
৫. আবেদন ফরমের মূল্য ১০০০.০০ (এক হাজার) টাকা।
৬. চাকরিরত প্রার্থীদেরকে নিজ নিজ নিয়োগকারী প্রতিষ্ঠান হতে অধ্যয়নকালীন সময় ক্লাশে যোগদান ও শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য তিন সেমিস্টার ব্যাপী সময়কাল ছুটি প্রদান করা হবে মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে।
৭. বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রী পূর্বে কোন সেমিস্টারে ভর্তিকৃত বা চাকরিরত কি-না ইত্যাদি বিষয়ে যাচাই-বাছাইপূর্বক সুপারিশকৃত প্রার্থীদেরকে ভর্তি করা হবে।
৮. প্রার্থীর আবেদন বিবেচনা করে ভর্তি কমিটি থিসিস ও নন-থিসিস নির্ধারণ করবেন।
৯. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ভর্তি ফি দিতে হবে।



প্রফেসর ড. মুহাম্মদ শফিকুল ইসলাম
পরিচালক (ভারপ্রাপ্ত)


ইনস্টিটিউট অব ইনফরমেশন সায়েন্সেস
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোবিপ্রবি/আইআইএস/ভর্তি বিজ্ঞপ্তি/২০২৬/১৬৮৬

০১ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপিঃ

১. পরিচালক, ডীন, সকল অনুষদ, ইনস্টিটিউটসমূহ, নোবিপ্রবি।
২. রেজিস্ট্রার, নোবিপ্রবি।
৩. হিসাব পরিচালক, নোবিপ্রবি।
৪. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
৫. পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি (বিশ্ববিদ্যালয় ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৬. নোটিশ বোর্ড।
৭. নথি।
৮. মহানথি।



জিনাত আরা চৌধুরী
ডেপুটি রেজিস্ট্রার

ইনস্টিটিউট অব ইনফরমেশন সায়েন্সেস
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়